

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৬৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তির জন্য জরুরী হলো রুকু' করা, রুকু' থেকে মাথা উত্তোলন করার সময় রফ'উল ইয়াদাইন করা, যেমন সালাতের শুরুতে রফ'উল ইয়াদাইন করা হয়

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ عَلَى الْمُصلِّي رَفْعَ الْيَدَيْنِ عِنْدَ إِرَادَتِهِ الرُّكُوعَ وَبَعْدَ رَفْعِهِ رَأْسَهُ مِنْهُ كَمَا يَرْفَعُهُمَا عِنْدَ ابْتِدَاءِ الصَّلَاةِ

আরবী

1868 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ يَحْيَى بْنِ زُهُيْرٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا أَبُو عَامِرٍ الْعَقَدِيُّ قَالَ: حَدَّثَنِي عَبَّاسُ بْنُ سَهْلِ بْنِ سَعْدِ عَامِرٍ الْعَقَدِيُّ قَالَ: لَجْتَمَعَ أَبُو حُمَيْدِ السَّاعِدِيُّ وَأَبُو أُسيْدِ السَّاعِدِيُّ وَسَهْلُ بْنُ سَعْد وَمُحَمَّدُ السَّاعِدِيُّ قَالَ: اجْتَمَعَ أَبُو حُمَيْدِ السَّاعِدِيُّ وَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَبُو حُمَيْدِ: أَنَا أَعْلَمُكُمْ بْنُ مَسْلَمَةَ فَذَكَرُوا صَلَاةَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَبُو حُمَيْدِ: أَنَا أَعْلَمُكُمْ بِصَلَاةٍ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَبُو حُمَيْدِ: أَنَا أَعْلَمُكُمْ بِصَلَاةٍ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَامَ فَكَبَّرَ وَرَفَعَ يَدِيْهِ عَلَى رُكُبَتَيْهِ كَالْقَابِضِ عَلَيْهِمَا يَدَيْهِ فَلَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَامَ فَرَغَعَ يَدَيْهِ عَلَيْهِ مَا يَدَيْهِ فَكَرَ وَرَفَعَ يَدَيْهِ فَلَمْ يَوْيَهُ فَكَرَ وَرَفَعَ يَدَيْهِ عَلَيْهِ وَلَمْ يُولِ اللَّهُ عَلَيْهِ فَكَرَ أَنْفَهُ وَجَبْهَتَهُ وَيَعْهُ ثُمَّ قَامَ فَرَقَعَ يَدَيْهِ فَاسْتَوَى عَلَيْهِمَا مَنْ مَنْ مَنْ عَلَى مُولَا عَصْدُو إِلَى مَوْضِعِهِ ثُمَّ سَجَدَ أَمْكُنَ أَنْفَهُ وَجَبْهَتُهُ وَنَحَى يَدَيْهِ عَنْ جَنْبَيْهِ وَوضَعَ كُلُّ عُضُو فِي مَوْضِعِهِ حَتَّى فَرَغَ ثُمَّ وَوضَعَ كُفَّ اللَّهُ الْيُسْرَى وَأَشَارَ بأَعْمَ عَلَى وَخَلْقِهِ فَلَيْ الْيُمْنَى عَلَى وَكَفَّةُ الْيُمْنَى عَلَى وَخَلَقَهُ الْيُمْنَى وَكُفَّةُ الْيُمْنَى عَلَى وَكُبْتِهِ الْيُمْنَى وَكَفَّةُ الْيُمْنَى عَلَى وَكَفَّةُ اللْيُمْنَى عَلَى وَكُفَّةً اللْيُمْنَى وَكَفَّةُ الْيُمْنَى عَلَى وَكَفَّةُ الْيُمْنَى وَكَفَّةُ اللْيُمْنَى عَلَى وَلِهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ ا

الراوي: عَبَّاسُ بْنُ سَهْلِ بْنِ سَعْدِ السَّاعِدِيُّ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1868 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (723).

বাংলা



১৮৬৮. আব্বাস বিন সাহল বিন সা'দ আস সা'ইদী থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার আবৃ হুমাইদ, সাহল বিন সা'দ, মুহাম্মাদ বিন মাসলামা রাদ্বিয়াল্লাছ আনহুম একত্রিত হন। অতঃপর তাঁরা রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামের সালাতের বিষয়ে আলোচনা করেন। তখন আবৃ হুমাইদ রাদ্বিয়াল্লাছ আনহু বলেন, "আমি আপনাদের মাঝে রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামের সালাতের বিষয়ে সবচেয়ে বেশি অবগত। নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম সালাতে দাঁড়ান, অতঃপর তাকবীর দেন এবং রফ'উল ইয়াদাইন করেন। তারপর আবার রফ'উল ইয়াদাইন করেন, যখন রুকু' করার জন্য তাকবীর দেন। তারপর রুকু' করেন এবং তাঁর দুই হাতকে হাঁটুর উপর স্থাপন করেন যেন তিনি হাঁটুকে আকড়ে ধরে আছেন। এসময় তিনি তাঁর দুই হাতকে ধনুক আকৃতির করতেন এবং হাতকে দুই পার্শ্ব থেকে দূরে রাখেন। তিনি রুকু'তে পিঠ সোজা করতেন; পিঠকে উঁচু করতেন না আবার নিচুও করেননি। তারপর তিনি দাঁড়ান এবং রফ'উল ইয়াদাইন করেন। তারপর এমনভাবে সোজা হয়ে দাঁড়ান যে, তাঁর প্রত্যেকটি হাড় স্বস্থানে ফিরে যায়। তারপর তিনি সাজদা করেন, তিনি তাঁর নাক ও কপাল মাটিতে রাখেন, দুই হাতকে দুই পার্শ্ব থেকে দূরে রাখেন এবং দুই হাতের তালূ দুই কাঁধ বরাবর রাখেন। তারপর সাজদা থেকে মাথা উত্তোলন করেন (এবং এমন সোজা হয়ে বসেন যে) তাঁর প্রতিটি হাড় স্বস্থানে ফিরে যায়। এভাবে তা সম্পন্ন করেন। তারপর তিনি বাম পা বিছিয়ে তার উপর বসেন, আর ডান পায়ের অগ্রভাগ কিবলামূখী করেন। তিনি বৈঠকে ডান হাতের তালূকে ডান হাঁটুর উপর আর বাম হাতের তালূকে বাম হাঁটুর উপর রাখেন এবং তর্জনী অঙ্গুলীর মাধ্যমে ইশারা করেন।"[1]

ফুটনোট

[1] তিরমিযী: ২৬০; সহীহ ইবনু খুযাইমাহ: ৬৮৯; ইমাম বুখারী, কুররাতুল আইনাইন: ৫ পৃষ্ঠা; আবূ দাউদ: ৭৩৪; সুনান বাইহাকী: ২/১১২; দারেমী: ১/২৯৯; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২২৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৭২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আব্বাস ইবনু সাহল ইবনু সা'দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন